
সমকাল

# বাজারে জেলা প্রশাসকদের তদারকি বাড়ানোর পরামর্শ

২১ ডিসেম্বর ২১ । ০০:০০

**সমকাল প্রতিবেদক**




ভোগ্যপণ্যের দামের বিষয়ে বাজারে তদারকি বাড়ানোর জন্য জেলা প্রশাসকদের পরামর্শ দিয়েছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন মফিজুল ইসলাম। গতকাল সোমবার রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে আয়োজিত এক কর্মশালায় এ পরামর্শ দেন তিনি। প্রতিযোগিতা কমিশনের আইনের প্রয়োগ ও জনসচেতনতা বৃদ্ধি বিষয়ে এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ঢাকা বিভাগের জেলা প্রশাসক ও ব্যবসায়ী প্রতিনিধিরা অংশ নেন। \হকর্মশালায় কয়েকজন জেলা প্রশাসক বলেন, পণ্য আমদানিকারকদের আমদানি মূল্য সম্পর্কে সঠিক তথ্য এবং ব্যবসায়ীরা কত দামে পণ্য কেনেন, সে বিষয়ে কোনো তথ্য পাওয়া যায় না। এমন মন্তব্যের পরিপ্রেক্ষিতে প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন বলেন, দেশে হাতেগোনা চার-পাঁচটি বড় কোম্পানি পুরো ভোজ্যতেল ও চিনির বাজার নিয়ন্ত্রণ করে। এ ক্ষেত্রে আমদানিকারকদের পণ্য আমদানি মূল্য এবং পরিশোধনসহ মোট ব্যয় কত, তা হিসাব করেই বিক্রয় মূল্য নির্ধারণ করতে হবে। বাজারে জেলা প্রশাসনের পক্ষ থেকে তদারকি আরও বাড়াতে হবে। কেউ অস্বাভাবিক মুনাফা





আমদানি মূল্য এবং পরিশোধনসহ মোট ব্যয় কত, তা হিসাব করেই বিক্রয় মূল্য নির্ধারণ করতে হবে। বাজারে জেলা প্রশাসনের পক্ষ থেকে তদারকি আরও বাড়াতে হবে। কেউ অস্বাভাবিক মুনাফা করলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

কর্মশালায় মফিজুল ইসলাম বলেন, ভোজ্যতেলের চাহিদার প্রায় ৯০ শতাংশই আমদানি করা হয়। চিনিও আমদানি করা হয়। এ দুটো পণ্যের মূল্য নির্ধারণে অনেক সময় অসামঞ্জস্য দেখা যায়। এ বিষয়ে পর্যবেক্ষণ বাড়ানো হবে। খুচরা পর্যায়ের ব্যবসায়ীদের অবশ্যই দোকানে মূল্য তালিকা প্রদর্শন করতে হবে। আমদানিকারককেও আমদানি মূল্য দেখাতে হবে।\হএ ছাড়া আবাসন ব্যবসা প্রসঙ্গে তিনি বলেন, এ খাতের ব্যবসার সঙ্গে কোনো কোনো রাজনীতিবিদ জড়িত রয়েছেন। এ ক্ষেত্রে বেশিরভাগ ব্যবসায়ী জমির মালিককে ন্যায্যমূল্য তো দেনই না বরং কোনো কোনো ক্ষেত্রে টাকা না দিয়েই জমি দখল করেন। মনে রাখতে হবে, ব্যবসা এবং রাজনীতি দুটোকে একসঙ্গে করলে চলবে না। এতে দুটোই সমস্যার মুখে পড়ে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার।

অনুষ্ঠানে একজন জেলা প্রশাসক বলেন, বিশ্ববাজারে দাম বাড়ার আগে যেসব পণ্য আমদানি করা হয়, সেগুলো দেশে পৌঁছতে দুই থেকে তিন মাস সময় লেগে যায়। তখন হয়তো বিশ্ববাজারে পণ্যের দাম বাড়ে। সঙ্গে সঙ্গে দেশেও পণ্যের দাম বেড়ে যায়।\হআরেকজন জেলা প্রশাসক বলেন, শহরের বাইরে ছড়িয়ে পড়ছে ই-কমার্সের মতো বিভিন্ন প্রতিষ্ঠান। ভোক্তারা কিছু প্রতিষ্ঠানের প্রতারণার শিকার হচ্ছেন। এ বিষয়ে মফিজুল ইসলাম বলেন, প্রতিযোগিতা কমিশনে যেসব মামলা ও অভিযোগ আসছে, তার সিংহভাগই ই-কমার্সভিত্তিক। ই-কমার্স সম্পর্কিত নীতিমালাকে আরও যুগোপযোগী করার উদ্যোগ নেওয়া হবে।\হকোনো কোনো ব্যবসা প্রতিষ্ঠান চটকদার বিজ্ঞাপন দিয়ে ক্রেতা আকর্ষণের চেষ্টা করছে উল্লেখ করে তিনি বলেন, অনলাইনে বা অফলাইনে যেসব ব্যবসায়ী ভোক্তাদের জিম্মি করে বা নানা অফার দেওয়ার মাধ্যমে প্রতারণার আশ্রয় নিয়ে থাকেন, তাদের আইনের আওতায় আনা হবে।

তিনি বলেন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের ব্যবসায়ীদের অবশ্যই সহায়তা করতে হবে। তারা যেন ঋণ সহায়তা পেতে পারেন, সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। \হকর্মশালায় ঢাকা বিভাগীয় কমিশনার খলিলুর রহমান বলেন, ব্যবসা ও ভোক্তাবান্ধব পরিবেশ তৈরি করার জন্য প্রতিযোগিতা কমিশন কাজ করে। তবে এই কাজটা খুব সহজ নয়। এ বিষয়ে স্পষ্ট ধারণা থাকা প্রয়োজন সংশ্লিষ্টদের। এ নিয়ে গবেষণা ও অনুসন্ধান হওয়া দরকার।\হকর্মশালায় প্রতিযোগিতা কমিশনের নানা উদ্যোগ, লক্ষ্য ও অর্জন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জিএম সালেহ উদ্দিন। এতে বলা হয়, এ পর্যন্ত কমিশনে পাওয়া বিভিন্ন অভিযোগের ভিত্তিতে ৯টি মামলার রায় দেওয়া হয়েছে। ১৬টি মামলার অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম চলছে। চাল, পেঁয়াজ, চামড়া ও চামড়াজাতীয় পণ্য বিষয়ে গবেষণা চালিয়েছে কমিশন। এ ছাড়া ভোজ্যতেল ও এলপিজির বাজার বিষয়ে গবেষণার প্রস্তুতি নেওয়া হয়েছে।